



তথ্যপ্রযুক্তি শিক্ষার ওপর শিক্ষামন্ত্রীর গুরুত্ব আরোপ

শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক দেশে গুণগত মানসম্পন্ন তথ্যপ্রযুক্তি শিক্ষার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেছেন। তিনি বলেন, দেশে তথ্যপ্রযুক্তি ও কম্পিউটার শিক্ষা-প্রতিষ্ঠানগুলো যে শিক্ষা, প্রশিক্ষণ দিচ্ছে তা কতোটুকু মানসম্পন্ন তা দেখার প্রয়োজন রয়েছে।

শিক্ষামন্ত্রী গত বৃহস্পতিবার ঢাকায় বাংলাদেশ ইনস্টিটিউট অফ এডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট এবং যুক্তরাজ্য ভিত্তিক মিলেনিয়াম এডভান্সড টেকনোলজি ট্রেনিং লিমিটেড (ম্যাট) আয়োজিত 'বাংলাদেশের মানসম্পন্ন উন্নয়নে কম্পিউটার ও তথ্যপ্রযুক্তির ভূমিকা' শীর্ষক দিনব্যাপী এক সেমিনারে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে এ অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী মোঃ আব্দুল সালাম পিন্টু, প্রধানমন্ত্রীর মুখ্যসচিব ড. কামাল উদ্দিন সিদ্দিকী, সাউথ ইস্ট এশিয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. এম শমসের আলী, ম্যাট-এর প্রধান নির্বাহী আবু আহমদ এবং উপদেষ্টা নেসার আহমদ বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার বেসরকারি তথ্যপ্রযুক্তি শিক্ষাদান প্রতিষ্ঠানগুলোকে কোনো নিয়ন্ত্রণ নয় বরং গুণগত মানসম্পন্ন শিক্ষা প্রশিক্ষণ নিশ্চিত করতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। তিনি বলেন, এ সহস্রাব্দ হচ্ছে, তথ্যপ্রযুক্তি, জ্ঞান বিজ্ঞানের যুগ এবং এদিক থেকে আমরা অনেক পিছিয়ে আছি। মন্ত্রী বলেন, এখন দেশের উন্নয়নের মাপকাঠি হচ্ছে, কোন দেশ তথ্যপ্রযুক্তিতে কতোটা উন্নত হয়েছে। তিনি বলেন, তথ্যপ্রযুক্তির অগ্রগতির দৌড়ে আমাদের নিশ্চিত অংশগ্রহণ থাকতে হবে। শিক্ষামন্ত্রী বলেন, দেশে তথ্যপ্রযুক্তির উন্নয়নে সঠিক সিদ্ধান্ত নিতে হবে এবং এজন্য সরকার, তথ্য প্রযুক্তিবিদ, শিক্ষিত সমাজ, সুশীল সমাজসহ সকলের একাবদ্ধ প্রচেষ্টার প্রয়োজন রয়েছে। তথ্য বিবরণী।